সংবাদ

তারিখ 19 FEB 2010
পৃষ্ঠা ৬১ কলাম ৩

# শহুরে স্কুলগুলোতে ডব্লিউএফপি ম্যাজিক স্কিম চালু করেছে

জাতিসংঘ বিশ্বখাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) সংস্থাটির সাহায্যপুষ্ট স্কুলগুলোতে একটি নতুন ধরনের ম্যাজিক স্কীমের সূচনা করেছে, যার উদ্দেশ্য হল ডব্লিউএফপি-এর স্কুল ফিডিং কর্মসূচি প্রচার ও একইসাথে ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্য বিষয়ক ইতিবাচক আচরণ গঠনে সহায়তা করা। কাজী শাকিল ফাউন্ডেশনের



(কেএসএফ) সহায়তায় এই উদ্যোগ গ্রহণ করা সম্ভব হয়েছে। এই স্কীমের লক্ষ্য হল স্কুল ফিডিং কার্যক্রমের ব্যাপারে সচেতনতা সৃষ্টির পাশাপাশি, বাংলাদেশের খাদ্য নিরাপত্তাহীন এলাকার ছাত্র-ছাত্রী, তাদের পিতামাতা ও এলাকার জনগোষ্ঠীকে এই কর্মসূচির প্রতি আরো বেশি সাড়া প্রদানে উদ্বুদ্ধ করা। এই স্কীমের মাধ্যমে ডব্লিউএফপি স্কুল পড়ুয়া ছেলেমেয়েদের স্বাস্থ্য ও পুষ্টিগত অবস্থা উন্নত করার প্রত্যাশা করে। এই স্কীমের আওতায় পরিচালিত যাদু প্রদর্শনীতে খ্যাতনামা যাদুকর উলফাত কবীর অংশগ্রহণ করবেন। তিনি তার যাদু প্রদর্শনীর মাধ্যমে পুষ্টি, স্বাস্থ্য, খাদ্য নিরাপত্তা, সাধারণ রোগব্যাধি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দেয়ার পাশাপাশি ইতিবাচক স্বাস্থ্যসম্মত আচরণের বিকাশে অবদান রাখবেন। এই স্কীমের আওতায় ডব্লিউএফপি-এর মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ বিস্কিট প্রদর্শন করা হবে। এই বিস্কিট প্রয়োজনীয় খনিজ পদার্থ ও ভিটামিনসমৃদ্ধ এবং তা সংস্থাটির স্কুল ফিডিং কর্মসূচির একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে ব্যবহৃত হয়। ঢাকাস্থ বিলখেত এলাকার কাউলার সরকারি প্রাথমিক বিদ্যালয় নামক ডব্লিউএফপি সাহায্যপুষ্ট একটি স্কুলে আজ এই স্কীমের উদ্বোধন উপলক্ষে ডব্লিউএফপি বাংলাদেশ প্রতিনিধি জন আইলিফ বলেন, "আমাদের স্কুল ফিডিং উদ্যোগের প্রতি সহায়তা প্রদানের জন্য আমরা কেএসএফ-এর নিকট সত্যিই কৃতজ্ঞ।

এই স্কীম স্কুল ফিডিং কর্মসূচির পাশাপাশি দেশ হতে, শিশুর ক্ষুধা এবং অপুষ্টি দূর করার ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা সম্বন্ধে বাংলাদেশের জনগণের মাঝে আরো বেশি সচেতনতা সৃষ্টি করার উপর প্রভূত প্রভাব রাখবে।" ২০০৯ সালে পরীক্ষামূলক পর্যায়ে এই স্কীমটির বড় ধরনের সাফল্যের পর ডব্লিউএফপি ম্যাজিক স্কীমটি বাস্তবায়ন করার জন্য কেএসএফ'র সাথে অংশীদারীত্ব গড়ে তোলে।